

Bengali A: literature – Standard level – Paper 2
Bengali A : littérature – Niveau moyen – Épreuve 2
Bengali A: literatura – Nivel medio – Prueba 2

Tuesday 1 May 2018 (morning)

Mardi 1 mai 2018 (matin)

Martes 1 de mayo de 2018 (mañana)

1 hour 30 minutes / 1 heure 30 minutes / 1 hora 30 minutos

Instructions to candidates

- Do not open this examination paper until instructed to do so.
- Answer one essay question only. You must base your answer on at least two of the part 3 works you have studied and compare and contrast these works in response to the question. Answers which are not based on a discussion of at least two part 3 works will not score high marks.
- You are not permitted to bring copies of the works you have studied into the examination room.
- The maximum mark for this examination paper is **[25 marks]**.

Instructions destinées aux candidats

- N'ouvrez pas cette épreuve avant d'y être autorisé(e).
- Traitez un seul sujet de composition. En basant votre réponse sur au moins deux des œuvres de la troisième partie que vous avez étudiées, vous devez comparer et opposer ces œuvres dans le cadre du sujet. Les réponses qui ne sont pas basées sur au moins deux des œuvres de la troisième partie n'obtiendront pas une note élevée.
- Vous n'êtes pas autorisé(e) à apporter des exemplaires des œuvres que vous avez étudiées dans la salle d'examen.
- Le nombre maximum de points pour cette épreuve d'examen est de **[25 points]**.

Instrucciones para los alumnos

- No abra esta prueba hasta que se lo autoricen.
- Conteste una sola pregunta de redacción. Base su respuesta en al menos dos de las obras estudiadas de la parte 3, comparándolas y contrastándolas en relación con la pregunta. Las respuestas que no se basen en al menos dos obras de la parte 3 no recibirán una puntuación alta.
- No está permitido traer copias de las obras estudiadas a la sala de examen.
- La puntuación máxima para esta prueba de examen es **[25 puntos]**.

যে কোন একটি প্রশ্নের উত্তর দিন। উত্তরটি আপনার পড়া তৃতীয় ভাগের দুই ভিন্ন লেখকের অন্ততঃপক্ষে দুটি রচনার উপর ভিত্তি করে দিতেই হবে এবং উত্তরটি সেই রচনা দুটির তুলনামূলক ও বিপরীতধর্মী আলোচনার মাধ্যমে দিতে হবে। যদি উত্তর তৃতীয় অংশের দুই ভিন্ন লেখকের অন্ততঃপক্ষে দুটি রচনার আলোচনার উপর ভিত্তি করে না দেওয়া হয় তবে ভাল মার্কস পাওয়া যাবে না।

কবিতা

1. যন্ত্রণা, প্রেম, দর্শন... তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন কবির দুটি কবিতায় তাঁদের এইসমস্ত বিষয়বস্তুকে পেশ করার জন্য কিভাবে রূপক ও উপমার ব্যবহার করেছেন এবং তাদের কি কি প্রভাব কবিতাগুলিতে পড়েছে, তার একটি তুলনামূলক আলোচনা কর।
2. চিত্রকল্প ও মোটিফকে ব্যবহার করে কবিরা তাঁদের কবিতায় প্রধানত সংবেদনার জগতে আকর্ষণ তৈরী করার চেষ্টা করে থাকেন। তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন কবির দুটি কবিতার তুলনামূলক আলোচনা করে দেখাও কবিরা কিভাবে তাঁদের কবিতার মাধ্যমে এই বিষয়টি করে থাকেন।
3. তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন কবির দুটি কবিতার তুলনামূলক আলোচনা করে দেখাও সেখানে কিভাবে ছন্দোবদ্ধ পদ্য (মেট্রিক ভার্স) ও মুক্তছন্দ পদ্য (ফ্রী ভার্স) ব্যবহার করেছেন।

উপন্যাস

4. তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন উপন্যাসিকের দুটি উপন্যাসের তুলনামূলক ব্যাখ্যা করে দেখাও যে সেখানে আখ্যানের উদঘাটন ও বিস্তারনার মাধ্যমে কিভাবে পাঠকের মনোযোগকে ধরে রেখেছেন ও একটি নির্দিষ্ট পথে পরিচালিত করেছেন।
5. সমস্ত উপন্যাসের অন্তরেই থাকে এক প্রকারের যাত্রা। তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন উপন্যাসিকের দুটি উপন্যাসের তুলনা ও বিপরীতমূলক আলোচনা করে দেখাও কোন অভিপ্রায়ে ও কোন কোন সাহিত্যিক কৌশলের মাধ্যমে লেখকরা তাঁদের লেখায় একটি যাত্রার ধারণা গড়ে তোলেন?
6. তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন উপন্যাসিকের দুটি ভিন্ন ভিন্ন উপন্যাসের ভূমিকার/শুরুর অথবা উপসংহারের/শেষের বিকাশ, ব্যবহার এবং প্রভাবের একটি তুলনামূলক আলোচনা কর।

ছোটগল্প

7. ছোট গল্পের ক্ষেত্র হল সীমিত আবেগ। তোমার পড়া অন্ততঃপক্ষে দুটি ছোটগল্পে এই আবেগগুলি কিভাবে বিকশিত ও স্ফুরিত হয়েছে তার একটি তুলনা ও বৈপরীত্যমূলক আলোচনা করে দেখাও এই বক্তব্য সত্য না মিথ্যা।
8. তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন ছোটগল্পকারের দুটি ছোটগল্পের তুলনা ও বৈপরীত্যমূলক আলোচনা করে তাতে সংলাপ বা কথোপকথনের ভূমিকা কতটা গুরুত্বপূর্ণ তা দেখাও।
9. তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন ছোটগল্পকারের দুটি ছোটগল্পের তুলনামূলক আলোচনা করে দেখাও কি ভাবে এবং কোন কোন সাহিত্যিক কৌশলের সাহায্যে ছোটগল্পকারেরা সময়ে ব্যবহার করে পাঠকদের হতচকিত বা অবাক করে দিয়েছেন।

প্রবন্ধ

10. তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন প্রবন্ধকারের দুটি প্রবন্ধের তুলনা করে দেখাও প্রবন্ধে আরম্ভ বা সূত্রপাত কিভাবে পূর্বমনোনীত একটি নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছানোর ক্ষেত্রে গুরুত্বপূর্ণ প্রভাব ফেলে।
 11. তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন প্রবন্ধকারের দুটি প্রবন্ধের তুলনা করে যুক্তিপূর্ণ আলোচনা ও তর্কবিতর্কমূলক কৌশলের ব্যবহারযোগ্যতা তথ্যভিত্তিক সাহিত্য বা নন ফিকশনাল সাহিত্যের ক্ষেত্রে কতটা সফল তা দেখাও।
 12. তথ্যভিত্তিক সাহিত্য বা নন ফিকশনাল সাহিত্যের লেখকরা অণুকাহিনী বা উপ-আখ্যানের (অ্যানেকডোট) মাধ্যমে পাঠকের মনে প্রভাব ফেলতে সফল হয়েছেন। তোমার পড়া অন্ততঃপক্ষে দুজন প্রবন্ধকারের দুটি প্রবন্ধের আলোচনা করে দেখাও তাঁরা কিভাবে সেখানে অণুকাহিনী, উপ-আখ্যান ইত্যাদির ব্যবহার করেছেন।
-